যে সকল আইন প্রয়োগকারী সংস্থাসমূহ প্রত্যয়ন করে থাকেন, যেমন এনওয়াইপিডি, তারা ইউ-ভিসা প্রোগ্রামকে ত্রুটিমুক্ত রাখার স্বার্থে অনেকগুলো গুরুত্বপূর্ণ কাজ করে থাকেন, যাদের মধ্যে কয়েকটি হলো:

- কোনো ব্যক্তি এক্ষেত্রে প্রযোজ্য কোনো একটি অপরাধের শিকার হয়েছেন কিনা তা প্রত্যয়ন করা, এবং সেই ব্যক্তি আইন-শৃঙ্খলা রক্ষাকারীদের তদন্তে সহায়ক হয়েছেন, হচ্ছেন বা হতে পারেন কিনা তা নির্ণয় করা;
- যদি কোনো ভুক্তভোগী সহায়তা প্রদানের যুক্তিসঙ্গত অনুরোধে সাড়া দিতে অস্বীকার করেন বা ব্যর্থ হন তখন তার সম্পর্কে ইউএসসিআইএস-কে অবহিত করা।
- যে কোনো নামী অপরাধী এবং / অথবা গ্যাং-সম্পর্কিত ক্রিয়াকলাপ সম্পর্কে ইউএসসিআইএস-কে অবহিত করা; এবং
- কোনো প্রকারের জালিয়াতির সন্দেহ থাকলে তার ব্যাপারে ইউএসসিআইএস-কে জানানো।

**ইউ-ভিসার জন্য কীভাবে আবেদন করবেন:** আমরা সমস্ত আই-৯১৮ অনুরোধ ডাকের মাধ্যমে গ্রহণ করে থাকি। আমাদের ডাকের ঠিকানাটি হলো;

নিউ ইয়র্ক পুলিশ ডিপার্টমেন্ট ডোমেস্টিক ভায়োলেন্স ইউনিট বিষয়: ইউ-ভিসা সার্টিফিকেশন ১ পুলিশ প্লাজা রুম ৫০১ নিউ ইয়র্ক, এনওয়াই ১০০৩৮

## আমাদের নিম্নলিখিত জিনিসগুলি প্রয়োজন:

- একটি কভার লেটার যাতে পরিষ্কারভাবে ভুক্তভোগীর প্রথম, মধ্য এবং শেষ নাম, জন্ম তারিখ এবং আবেদনকারী এবং তার অ্যাটর্নি উভয়ের হালনাগাদকৃত যোগাযোগের তথ্য লেখা থাকবে। চিঠিতে অপরাধের বিবরণ এবং এর সাথে সম্পর্কিত সকল তথ্য যেমন ঘটনার তারিখ, অপরাধের ধরন, অভিযোগের প্রতিবেদন নম্বর, পারিবারিক ঘটনা প্রতিবেদনের নম্বর, যদি কোনো আঘাত পেয়ে থাকে তার বিবরণ ইত্যাদি অন্তর্ভুক্ত করতে হবে।
- আবেদনকারীর পরিচয়পত্রের একটি অনুলিপি।
- আবেদনকারীর ব্যক্তিগত তথ্যসহ আংশিকভাবে পূরণ করা আই-৯১৮-এর একটি অনুলিপি।
- অভিযোগের প্রতিবেদন, পারিবারিক ঘটনার প্রতিবেদন, হাসপাতালের নথি, সহায়তার প্রতিবেদন ইত্যাদির মতো যে কোনো সহায়ক নথি।

## রিসোর্সেস

**আই-৯১৮ ফর্মের অনুলিপি পেতে:**

www.USCIS.gov/I-918

**আই-৯১৮ ফর্ম পূরণের তথ্যের জন্য:**

www.1.nyc.gov (অনুসন্ধানের ঘরে আই-৯১৮ টাইপ করুন)

**এনওয়াইপিডি-এর নথিসমূহের জন্য (যেমন: অভিযোগের প্রতিবেদন) ভিজিট করুন:**

www.1.nyc.gov (অনুসন্ধানের ঘরে এনওয়াইপিডি এফওআইএল টাইপ করুন)

**ডিভিআইইউ-তে যোগাযোগের তথ্য**

১ পুলিশ প্লাজা আরএম
৫০১ নিউ ইয়র্ক,
এনওয়াই ১০০৩৮

**আমাদের টেলিফোন নম্বর**

(৬৪৬) ৬১০-৭৬১৫

**আমাদের ই-মেইল**

uvisacertification@nypd.org

NYPD
New York City Police Department

NYPD PRINTING SECTION
BM 786 E Bengail (04-22)

NYPD
New York City Police Department

# পারিবারিক নির্যাতন

## ইউ-ভিসা সার্টিফিকেশন

পারিবারিক নির্যাতন থেকে আপনার নিজেকে এবং আপনার পরিবারকে রক্ষা করার কোনো পরিকল্পনা আপনার আছে কি?

লক্ষণগুলি জানুন। আজই সাহায্য প্রার্থনা করুন।

# লক্ষণগুলি জানুন। অপেক্ষা করবেন না। সাহয্য প্রার্থনা করুন।

## ইউভিএসএ (আই-৯১৮) কি?


আপনি যদি নন-ইমিগ্রেন্ট হন এবং এক্ষেত্রে প্রযোজ্য অপরাধমূলক ক্রিয়াকলাপগুলোর কোনোটির শিকার হন তাহলে, যথাযথ ক্ষেত্রে, আপনার এবং আপনার পরিবারের যে সকল সদস্যদের জন্য এটি প্রযোজ্য হয় তাদের জন্য অস্থায়ীভাবে অভিবাসন সুবিধাসমূহ পেতে আই-৯১৮-এর মাধ্যমে আবেদন করুন।

## ইউভিএসএ আই-৯১৮ কাদের ক্ষেত্রে প্রযোজ্য?

যারা ইমিগ্রেশন এবং জাতীয়তা আইন (আইএনএ) এর ১০১ (এ) (১৫) (ইউ) (আইআইআই) ধারায় বর্ণিত অপরাধমূলক ক্রিয়াকলাপের শিকার হয়েছেন। এতে নিম্নলিখিত এক বা একাধিক অপরাধের বা অনুরূপ ক্রিয়াকলাপ যা ফেডারাল, স্টেট, বা লোকাল ফৌজদারি আইনসমূহকে লঙ্ঘন করে তাদের শিকার ব্যক্তিরা অন্তর্ভুক্ত:

- অপহরণ
- পীড়াদায়ক যৌন সম্পর্ক
- উল্লেখিত অপরাধগুলোর কোনো একটি করার চেষ্টা
- জিম্মি হয়ে থাকা
- ব্ল্যাকমেল
- উল্লেখিত অপরাধগুলোর কোনো একটি করার ষড়যন্ত্র
- পারিবারিক নির্যাতন
- চাঁদাবাজি
- মিথ্যা কারাবাস
- অপরাধমূলক শারীরিক আক্রমণ
- নারীর যৌনাঙ্গের অঙ্গহানি
- বিদেশী শ্রমের চুক্তিতে জালিয়াতি
- অজাচার
- অনৈচ্ছিক দাসত্ব
- মুক্তিপণের জন্যে অপহরণ
- অনিচ্ছাকৃত নরহত্যা
- নরহত্যা
- আইনি-কাজে বাধা
- ঋণের দাসত্ব
- মিথ্যা সাক্ষ্য প্রদান
- পতিতাবৃত্তি
- ধর্ষণ
- যৌন নির্যাতন
- যৌন শোষণ
- দাসব্যবসা
- উল্লেখিত অপরাধগুলোর কোনো একটি করার অনুরোধ
- চুপিসাড়ে অনুসরণ করা
- নির্যাতন
- পাচার
- বেআইনীভাবে বেঁধে রাখা
- সাক্ষীর উপর প্রভাব বিস্তার করা

## ভুক্তভোগী




**প্রত্যয়নকারী সংস্থা, ইউএসসিআইএস এবং ভুক্তভোগী ব্যক্তি প্রত্যেকের ইউ ভিসার সাথে সম্পর্কিত বিবিধ দায়িত্ব ও কর্তব্য আছে**

## ইউভিএসএ আই-৯১৮ কাদের ক্ষেত্রে প্রযোজ্য?

- প্রযোজ্য অপরাধসমূহের তদন্ত বা বিচারকার্যে সহায়তা করার জন্য প্রত্যয়নকারী সংস্থাকে তথ্য সরবরাহ করে।
- প্রাথমিকভাবে আইন প্রয়োগকারী সংস্থাকে সহযোগিতা করার পরে, যখনই যুক্তিসঙ্গতভাবে অনুরোধ করা হয় এবং প্রয়োজন হয়, তখনই এই ক্ষেত্রে প্রযোজ্য অপরাধসমূহের তদন্ত বা বিচারকার্যে অব্যাহতভাবে সহায়তা প্রদানের দায়িত্ব পালন করে।
- ফর্ম আই -৯১৮বি (আবশ্যক) পূরণ করে সেটিকে তার আই -৯১৮ ফর্মের সাথে ইউএসসিআইএস-এ জমা দেয়।

## ইউএসসিআইএস

- ইউ ভিসা আবেদন গ্রহণ করে এবং এর মীমাংসা করে।
- পুরোপুরিভাবে জমা দেয়া নথির ভিত্তিতে আবেদনকারীর আইনি ইতিহাস এবং অভিবাসন স্ট্যাটাস-এর তদন্ত করে আবেদনকারীর ইউ ভিসা পাওয়ার যোগ্যতা নির্ধারণ করে।
- যোগ্যতা নির্ধারণের জন্যে অতিরিক্ত তথ্যের প্রয়োজন হলে, ভুক্তভোগীকে তা প্রদান করার অনুরোধ করে।
- জমাকৃত ফর্ম আই -৯১৮বি এবং ইউ ভিসা আবেদনের সাথে জমাকৃত অন্যান্য প্রমানাদির যথার্থতা যাচাইয়ের জন্য আইন প্রয়োগকারী সংস্থার সাথে সমন্বয় করে।
- যোগ্য ভুক্তভোগীদেরকে নন-ইমিগ্রেন্ট স্ট্যাটাস প্রদান করে।

## প্রত্যয়নকারী সংস্থা

- এক্ষেত্রে প্রযোজ্য অপরাধসমূহের অভিযোগগুলিকে সনাক্ত করে, তদন্ত করে এবং / অথবা মামলা দায়ের করে
- প্রত্যয়নকারী সংস্থার এখতিয়ারে থেকে তারা সিদ্ধান্ত নেন যে তারা, এজেন্সির কার্যবিধি অনুযায়ী এবং দায়িত্বপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃপক্ষ হিসেবে, ভুক্তভোগী সহায়তার সকল যুক্তিসঙ্গত অনুরোধে সাড়া দিচ্ছে তা নির্দেশ করে ফর্ম আই -৯১৮বি পূরণ এবং স্বাক্ষর করবেন কিনা।
- যদি ভুক্তভোগী অযৌক্তিকভাবে তদন্ত বা বিচারকার্যে সহায়তা করতে অস্বীকার করেন এবং এজেন্সিকে পূর্বে স্বাক্ষরিত ফর্ম আই-৯১৮বি প্রত্যাহার বা প্রত্যাখ্যান করতে হয় তাহলে ইউসিসিআইএস-এর সাথে যোগাযোগ করে।